দূর-প্রশিক্ষণ পুস্তিকা
[Distance-Training Package]

৫

# স্পিচ থেরাপী
# [Speech Therapy]

## কথা ও ভাষার বিকাশ
## [Speech & Language Development]

দু'টি শব্দের ব্যবহার
[Two Words Level]

বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশন
Bangladesh Protibondhi Foundation

# দূর-প্রশিক্ষণ পুস্তিকা

## কথা ও ভাষার বিকাশ

## ৫

## দু'টি শব্দ অবস্থানে খেলা

BANGLADESH PROTIBONDHI FOUNDATION

•

প্রকাশকাল
১৯৯০

•

প্রথম সংস্করণ
১৯৯৯

•

লুসি টপিং-এর তত্ত্বাবধানে
তাহসিনা খাতুন

•

চিত্রশিল্পী
জাহাঙ্গীর হোসেন

বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত ও সর্বসত্ত্ব সংরক্ষিত
১২ নিউ সার্কুলার রোড, পশ্চিম মালিবাগ, ঢাকা-১২১৭

# সূচিপত্র


| | | পৃষ্ঠা নং |
|---|---|---|
| | প্রকাশ করা | ১ |
| | দু'টি শব্দের অবস্থানে খেলাসমূহ | |
| ২.১ | বস্তু এবং স্থান | ২ |
| ২.২ | ব্যক্তি এবং বস্তু | ৩–৪ |
| ২.৩ | ব্যক্তিকে বস্তু | ৫–৬ |
| ২.৪ | কাজ এবং স্থান (এক) | ৭–৮ |
| | কাজ এবং স্থান (দুই) | ৯ |
| ২.৫ | বস্তু দ্বারা কাজ (এক) | ১০–১১ |
| | বস্তু দ্বারা কাজ (দুই) | ১২ |
| ২.৬ | অনুপস্থিত/ অদৃশ | ১৩–১৪ |
| ২.৭ | কাজ/ সমন্বয় করা | ১৫–১৬ |
| ২.৮ | বিশ্লেষণাত্মক শব্দ ব্যবহার | ১৭–১৮ |


BANGLADESH PROTIBONDHI FOUNDATION
BPF

## প্রকাশ করা

- ❒ বোধশক্তি/বুঝতে পারা কাজের নির্দেশ মতো সরঞ্জামগুলো সেইভাবে সাজানো।
- ❒ শিশুকে বলুন, "আমি এখন একটি খেলনা জন্তু লুকাবো। তুমি অবশ্যই দেখবে না।"
- ❒ শিশুর চোখ ঢাকুন এবং যে কোনো একটি জন্তু বাক্স অথবা ব্যাগের ভিতরে রাখুন।
- ❒ শিশুর চোখ খুলুন এবং বলুন, "আমি কি করছি?"
- ❒ তাকে সম্পূর্ণ বাক্যটি বলতে হবে না। হাতি এবং বাক্স শব্দ দু'টি বললে চলবে। যদি সে সঠিক উত্তর করতে পারে তাকে এভাবে প্রশংসা করুন, "ভাল, হাতিটি বাক্সের ভিতরে।"
- ❒ যদি সে শুধু "হাতি" বলে, তখন বলুন, "ভালো ছেলে এটা মুরগী। আমি এটা কোথায় রেখেছি ?" যদি সে উত্তর দিতে পারে বলুন, "বাক্সের ভিতরে।"
- ❒ যদি সে শুধু "বাক্স" বলে, তখন বলুন, "ভালো ছেলে, বাক্স। বাক্সের ভিতরে কি আছে?"
- ❒ আপনি এখন পুরা বাক্যটি তাকে বলুন, "হাতিটি বাক্সের ভিতরে" আপনি যেভাবে বলবেন প্রত্যেকটি বস্তু সেভাবে ধরুন।
- ❒ প্রত্যেকবার নতুন বাক্য দিয়ে পুনরায় বলুন এবং শিশুর সাথে খেলা করুন।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION BPF

## ২.১ বস্তু এবং স্থান (Object & Place)

**সরঞ্জাম ঃ** ২-৪ টি খেলনা জন্তু অথবা জন্তুর ছবি, একটি ব্যাগ ও একটি বাক্স।

*নির্দেশাবলী ঃ*

### বোধশক্তি/বুঝতে পারা




- ❐ শিশুকে খেলনা জন্তুগুলো, ব্যাগ এবং বাক্সটি একটি একটি করে দেখান এবং প্রত্যেকটির নাম বলুন।
- ❐ ব্যাগটি শিশুর ডান দিকে, বাক্সটি শিশুর বাম দিকে এবং খেলনা জন্তুগুলো শিশুর সামনে মাঝখানে রাখুন।
- ❐ এবার শিশুকে বলুন, "মুরগীটি বাক্সের ভিতর রাখ"। (কখনও চোখ বা আঙুল দিয়ে বস্তুগুলো দেখিয়ে দিবেন না। এতে শিশুকে সাহায্য করা হয় বা শিশু ভুল বুঝতে পারে। যদি সে সঠিক উত্তর করে তাকে প্রশংসিত করুন। বলুন "ভাল, তুমি মুরগীটি বাক্সের ভিতর রেখেছ" (মুরগী এবং বাক্স শব্দটির উপর জোর দিন)।
- ❐ যদি সে উত্তর করতে না পারে ভুল উত্তর দেয়, আপনি বাক্সটি ছোট করে বলুন, "মুরগীটি কোথায়?" তখন সে মুরগীটি আবার শিশুর সামনে/মাঝখানে রাখুন এবং সম্পূর্ণ বাক্যটি বলুন, "মুরগীটি ভিতরে রাখ।"
- ❐ পুনরায় অন্যান্য খেলনা জন্তু এবং ব্যাগ/বাক্স দিয়ে (নতুন) বাক্য তৈরি করুন এবং শিশুকে বলুন।
- ❐ এখন বাক্যের অন্যান্য শব্দ পরিবর্তন না করে কেবলমাত্র পূর্বের ব্যবহৃত জন্তু, ব্যাগ/ বাক্স পরিবর্তন করে আবার বাক্যটি পুনরাবৃত্তি করুন। যেমন- বিড়ালটি ব্যাগের ভিতর রাখ।

## ২.২ ব্যক্তি এবং বস্তু (Owner & Object)

**সরঞ্জাম ঃ** ২টি চামচ, ২টি কলম, ২টি জুতা, ২টি বই, ২টি বাক্স, ১টি পুতুল ও ১টি খেলনা যেমন হাতি/বানর/ অথবা ২টি শিশু।

### বোধশক্তি/ বুঝতে পারা

❒ শিশুকে প্রত্যেকটি জিনিস দেখান এবং সেগুলোর নাম বরুন। জিনিসগুলো ছবিতে যেভাবে দেখানো হয়েছে ঠিক সেভাবে সাজান। বাক্সগুলোতে প্রত্যেকটি জিনিস একটা করে রাখুন।



❒ বাক্সগুলো ঘরে শিশুর বিপরীত দিকে থাকবে। শিশুকে বলুন, "পুতুলের জুতা আন" সে দৌড়ে বাক্সের কাছে যাবে এবং খুঁজে আনবে।

❒ যদি সে বুঝতে না পারে কি করতে হবে, তাহলে হাত ধরে তাকে সঙ্গে নিয়ে যান, যতক্ষণ না সে নিজে যেতে পারবে।

❒ যদি সে বাক্যটি বুঝতে না পারে বাক্যটিকে দুই ভাগে ভাগ করুন যেমন-- "পুতুলটি কোথায়", যখন সে পতুলটি দেখাবে তখন বলুন, "তার (পুতুলের) জুতা কোথায়" এখন বাক্যটি পুনরায় বলুন, "হ্যা এটা, এখানে পুতুলের জুতা"।

- অন্যান্য বাক্য দিয়ে আবার চেষ্টা করুন। শুধু পুতুল/ হাতি এবং জিনিষের নাম বদলাবেন। বাক্যের অন্য অংশ ঠিক থাকবে। যেমন "হাতির চামচ আন।"

## প্রকাশ করা

- বোধশক্তি/ বুঝতে পারা কাজের নির্দেশ মতো সরঞ্জামগুলো সেভাবে সাজান।
- এবার আপনি দৌড়ে যান এবং যে কোনো বাক্স থেকে একটি জিনিস নিয়ে আসুন। জিনিসটি শিশুকে দেখান এবং বলুন "আমি কি পেয়েছি/ এনেছি?"
- যদি সে সঠিক উত্তর দেয় তাকে প্রশংসিত করুন এবং বলুন, হ্যাঁ! এটা পুতুলের জুতা"।
- যদি সে শুধু "জুতা" এবং পরে "পুতুল"/ "হাতি" বলে তাহলে তাকে বলতে দিন। তার পুরা বাক্যটি বলুন, "এটা পুতুলের জুতা"।
- প্রতিবার বাক্যটি বদলিয়ে পুনরায় নতুন করে বলুন।
- বেশি বুদ্ধি সম্পন্ন শিশু আপনাকে হয়তো বলতে পারবে কি আনতে হবে। তাই সে আপনাকে বলতে পারে "পুতুল, জুতা" এবং আপনি ঐ জিনিসটা নিয়ে আসবেন।


# ২.৩ ব্যক্তিকে বস্তু (Object to Person)

**সরঞ্জাম ঃ** চারটি পরিচিত জিনিস, দুই অথবা বেশি ব্যক্তি (এর পরিবর্তে খেলনাও ব্যবহার করা যেতে পারে।)

*নির্দেশাবলী ঃ*

## বোধশক্তি/ বুঝতে পারা

- জিনিসগুলো একটি একটি করে শিশুর সামনে রাখুন এবং সঙ্গে সঙ্গে প্রতিটির নাম বলুন।
- শিশুকে ব্যক্তিদের সাথে পরিচয় করিয়ে দিন ; আঙুল দিয়ে নির্দেশ করুন এবং বলুন, যেমন– "এখানে তোমার আব্বা এবং এখানে রেবা"।
- শিশুকে বলুন, "কাপটি রেবাকে দাও"।
- যদি সঠিক উত্তর দিতে পারে শিশুকে প্রশংসা করুন।
- যদি শিশু বুঝতে না পারে বাক্যটি ভেঙ্গে দুই ভাগে বলুন, যেমন– "কাপটি কোথায়?" যখন সে কাপটি দেখাবে বলুন, "কাপটি রেবাকে দাও"।
- প্রতিবার বাক্যটি পরিবর্তন করে পুনরায় শিশুকে বলুন।



## প্রকাশ করা

- ❒ বোধশক্তি/ বুঝতে পারা খেলার মতো ব্যক্তি এবং বস্তুগুলোর সাথে শিশুকে পরিচয় করিয়ে দিন।
- ❒ এখন আপনি একটি জিনিস নিন এবং সেটা যে কোনো একজনকে দিন।
- ❒ শিশুকে বলুন, "আমি কি করেছি?"
- ❒ যদি সে বলে, "কাপ রেবা" তাকে প্রশংসিত করুন এবং পুরা বাক্যটি বলুন, "হ্যাঁ, আমি কাপটি রেবাকে দিয়েছি।"
- ❒ যদি সে একটি অংশ বলে তাকে প্রশংসিত করুন এবং বলুন, "হ্যাঁ আমি কাপটি কাকে দিয়েছি?" অথবা "হ্যাঁ, আমি রেবাকে কি দিয়েছি?" যখন সে উত্তর দিতে পারবে পুরো বাক্যটি তাকে বলুন। প্রত্যেকবার বাক্যটি পরিবর্তন করে পুনরায় বলুন।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION BPF


# ২.৪ কাজ এবং স্থান (এক) [Action & Place (one)]

**সরঞ্জাম ঃ** দু'টি আসবাবপত্র, যেমন– বিছানা, চেয়ার, টেবিল।

*নির্দেশাবলী ঃ*

## বোধশক্তি/ বুঝতে পারা

- কিছু কাজ যেমন– শোয়া, বসা এবং দাঁড়ানো এই খেলায় ব্যবহার করুন। প্রথমে শিশুকে কাজগুলো করতে বলুন এবং দেখুন শিশু প্রতিটি কাজ ঠিকমতো বুঝতে পারে কিনা।
- যে আসবাবপত্রগুলো ব্যবহার করা হবে সেগুলো শিশুকে দেখান।
- শিশুকে বলুন, "টেবিলের উপর বস"।
- যদি সে সঠিক উত্তর দিতে পারে তাকে প্রশংসিত করুন।
- যদি সে বুঝতে না পারে বাক্যটি ভেঙ্গে দুই ভাগে বলুন, যেমন– "টেবিলটি কোথায়" এবং "বস" তারপর বলুন, "তুমি টেবিলের উপরে বসে আছ"।
- প্রত্যেকবার বাক্যটি পরিবর্তন করে নতুন করে বলুন, যেমন– "চেয়ারের উপর দাঁড়াও", "টেবিলের উপরে শোও।"



## প্রকাশ করা

- ❐ বোধশক্তি/বুঝতে পারা খেলা যেভাবে বলা হয়েছে সেভাবে শিশুকে কাজগুলো এবং জিনিসগুলোর সহিত পরিচিত করুন।
- ❐ এখন আপনি একটি কাজ করুন যেমন– চেয়ারের উপরে দাঁড়ান। শিশুকে বলুন, "আমি কি করেছি?"
- ❐ যদি শিশু বলে, "চেয়ার দাঁড়ানো" তাকে প্রশংসিত করুন এবং বলুন "ভালো ছেলে। আমি চেয়ারের উপরে দাঁড়িয়ে আছি।"
- ❐ যদি সে বলে, "দাঁড়ান" আপনি বলুন "আমি কোথায় দাঁড়িয়ে আছি?" যদি সে বলে "চেয়ার" বলুন, "আমি বসে না দঁড়িয়ে আছি?" তারপর পুরো বাক্যটি বলুন। প্রতিবার বাক্যটি পরিবর্তন করে নতুন করে বলুন।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION
BPF

# ২.৪ কাজ এবং স্থান (দুই ) [Action & Place (Two)]

**সরঞ্জাম ঃ** কিছু না

*নির্দেশাবলী ঃ*

**বুঝতে পারা এবং প্রকাশ করা ঃ**

কাজ এবং স্থান (এক) খেলার নির্দেশসমূহ অনুসরণ করুন।

কাজগুলো পরিবর্তন করে – দৌড়ান
– হাঁটা
– লাফ দেওয়া ইত্যাদি ব্যবহার করুন।

জিনিসগুলো পরিবর্তন করে – দরজা
– জানালা ব্যবহার করুন।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION
BPF




## ২.৫ বস্তু দ্বারা কাজ (এক) [Action by Object (one)]

**সরঞ্জাম ঃ** কাপ, প্লেট, পানিসহ বোল, গামছা বা কাপড়

*নির্দেশাবলী ঃ*

### বোধশক্তি/ বুঝতে পারা

- ❐ শিশুকে প্রথমে কাপ এবং প্লেট দেখান, তারপর ধোওয়া এবং মোছা কাজগুলো করে দেখান। শিশুকে প্রত্যেকটি কাজ করতে বলুন এবং দেখুন সে ঠিকমতো বুঝতে পারছে কিনা।
- ❐ জিনিসগুলো ছবিতে যেভাবে দেখানো হয়েছে সেভাবে রাখুন।
- ❐ শিশুকে নির্দেশ দিন, যেমন– "প্লেটটি মুছো" অথবা "কাপটি ধোও।"



- ❒ যদি শিশু সঠিকভাবে করতে পারে শিশুকে প্রশংসিত করুন "হ্যাঁ প্লেটটি মুছেছে।"
- ❒ যদি সে সঠিক উত্তর দিতে পারে তাকে প্রশংসিত করুন।
- ❒ যদি সে ভুল জিনিসটি নেয় অথবা ভুল কাজ করে আপনি সঠিকভাবে কাজটি দেখিয়ে দিন এবং সংগে সংগে বলুন, "আমি প্লেটটি মুছি।" শিশুকে নির্দেশটি পুনরায় দিন এবং তাকে করতে বলুন।
- ❒ প্রত্যেকবার বিভিন্ন বাক্য ব্যবহার করে কাজটি পুনরাবৃত্তি করুন।

## প্রকাশ করা

- ❒ বোধশক্তি/বুঝতে পারা খেলা যেভাবে বলা হয়েছে সেভাবে শিশুকে কাজগুলো এবং বস্তুগুলোর সাথে পরিচিত করুন এবং জিনিসগুলো সেভাবে রাখুন।
- ❒ আপনি একটি কাজ করুন এবং শিশুকে জিজ্ঞাসা করুন, "আমি কি করছি ?"
- ❒ যদি শিশু দু'টি শব্দ দিয়ে সঠিক উত্তর দিতে পারে, যেমন– "প্লেট ধোওয়া"। তাকে প্রশংসিত করুন এবং পুরো বাক্যটি বলুন, "হ্যাঁ প্লেটটি ধুচ্ছি"।
- ❒ যদি সে শধু "ধোওয়া" অথবা "প্লেট" বলে তখন বলুন, "আমি কি ধুচ্ছি" অথবা "আমি প্লেটটি মুছি না ধুচ্ছি" যখন সে উত্তর দিবে পুরো বাক্যটি তাকে বলুন।
- ❒ প্রত্যেকবার বিভিন্ন বাক্য ব্যবহার করে পুনরায় বলুন।

## ২.৫ বস্তু দ্বারা কাজ (দুই) [Action by Object (two)]

**সরঞ্জাম ঃ** বল, বালিশ (Cushion) অথবা ছেড়া কাগজ ভর্তি প্লাস্টিকের ব্যাগ।

*নির্দেশাবলী ঃ*

### বুঝতে পারা এবং প্রকাশ করা

- বস্তু দ্বারা খেলার মাধ্যমে কাজের (এক) নির্দেশসমূহ অনুসরণ করুন।
- এখানে ধোওয়া/ মোছা কাজের পরিবর্তে বল ছেঁড়া এবং লাথি মারা কাজগুলো নিন।



যেমনঃ শিশুকে বলুন, "ব্যাগে লাথি মার"

"বলটি ছুঁড়ে দাও"

## ২.৬ অনুপস্থিত/ অদৃশ্য (Absence / Disappearance)

**সরঞ্জাম ঃ** দু'জন ব্যক্তি, চারটি সাধারণ জিনিস।

*নির্দেশাবলী ঃ*

### বোধশক্তি/ বুঝতে পারা

- প্রত্যেক ব্যক্তিকে দু'টি করে জিনিস দিন। জিনিসগুলো এমন ধরনের হবে যা তারা পরতে পারে, যেমন– জুতা, ঘড়ি, আংটি, শাড়ী। খেয়াল রাখুন যাতে দুই ব্যক্তির কাছে একই ধরনের জিনিস না থাকে। শিশুকে জিনিসগুলো আঙুল দিয়ে দেখিয়ে দিন। যেমন– "দেখ, উনার একটি ঘড়ি আছে। আর উনার ঘড়ি নাই" ইত্যাদি।
- শিশুকে বলুন, "কার ঘড়ি নাই।"



BANGLADESH PROTIBONDHI FOUNDATION BPF

❒ যদি সে সঠিক উত্তর দিতে পারে তাকে প্রশংসিত করুন, "হ্যাঁ ঠিক, উনার ঘড়ি নাই (হাতের দিকে নির্দেশ করুন)।

❒ যদি সে ভুল উত্তর দেয় বলুন, "না উনার ঘড়ি আছে, দেখ এই যে (আঙুল দিয়ে সেটা দেখিয়ে দিন)। আর উনার ঘড়ি নাই (হাতের দিকে নির্দেশ করুন)।

❒ অন্য বাক্যগুলো দিয়ে পুনরায় বলুন, যেমন– কার জুতা নাই, কার আংটি নাই, কার শাড়ি নাই ইত্যাদি।

## প্রকাশ করা

**সরঞ্জাম ঃ** চারটি সাধারণ জিনিস, কাপড়।

❒ শিশুকে জিনিসগুলোর সাথে পরিচিত করুন। জিনিসগুলো শিশুর সামনে রাখুন এবং কাপড়টি আপনার সামনে রাখুন। শিশুর চোখ খুলুন। বলুন, "কি দেখছো?" বা "কি নাই ?"



❒ যদি সে সঠিক উত্তর দেয়, যেমন– "চামচ নাই" তাকে প্রশংসিত করুন এবং বলুন, "হ্যাঁ চামচটি নাই"; কাপড়টি উঠিয়ে ফেলুন।

❒ যদি সে উত্তর দেয় "চামচ" বলুন "চামচটি কি হয়েছে? চামচটি নাই" শিশুকে বাক্যটি শেষ করতে সুযোগ দিন। যদি সে বলতে না পারে আপনি বলে দিন।

❒ যদি সে একেবারেই উত্তর দিতে না পারে বলুন, "কি নাই" যদি সেটার উত্তর দিতে না পারে, তাকে কাপড়ের নীচে দেখতে সুযোগ দিন।

❒ অন্যান্য জিনিসগুলো দিয়ে পুনরায় বলুন।


## ২.৭ কাজ/সমন্বয় করা (Function/Association)

**সরঞ্জাম ঃ** পাঁচটি সাধারণ জিনিস,  যেমনঃ কলম, চামচ, বই, ব্রাশ, গামছা, সাবান।

*নির্দেশাবলী ঃ*

### বোধশক্তি/ বুঝতে পারা

❒ শিশুকে প্রতিটি জিনিসের সাথে পরিচিত করুন, যেমন– "এটা একটা কলম। আমরা কলম দিয়ে লিখি" (কলম দিয়ে লিখে দেখান)।



❒ জিনিসগুলো শিশুর সামনে রাখুন।

❒ শিশুকে বলুন, "কোনটা দিয়ে আমরা খাই?"

❒ যদি সে উত্তর দিতে না পারে বা ভুল উত্তর দেয়, তখন প্রশ্নটি পুনরায় বলুন এবং কাজটি করে দেখান।

- ❐ যদি সে সঠিক উত্তর দেয়, তাকে প্রশংসিত করুন।
- ❐ অন্যান্য জিনিস নিয়ে পুনরায় বলুন।

## প্রকাশ করা

- ❐ বোধশক্তি/বুঝতে পারা খেলার মতো জিনিসগুলোর সাথে শিশুকে পরিচিত করুন।
- ❐ এখন আপনি একটি জিনিস নিন এবং শিশুকে বলুন "এই জিনিসটা দিয়ে আমরা কি করি।
- ❐ যদি শিশু সঠিক উত্তর দিতে পারে তাকে প্রশংসিত করুন এবং সে যা বলছে কাজটি করে দেখান।
- ❐ যদি সে ভুল উত্তর দেয়, সেভাবে কাজটি করে দেখান এবং বলুন, "এটা কি ঠিক?" সে বুঝতে পারবে যে এটা দেখতে অন্যরকম লাগছে। তাকে আবার জিজ্ঞাসা করুন এবং কাজটি করে দেখাতে বলুন।
- ❐ যদি সে একেবারেই উত্তর দিতে না পারে, কাজটি করে দেখান এবং বলুন, "এটা দিয়ে আমি ............... " শিশুকে বলার আগে তাকে বাক্যটি শেষ করার সুযোগ দিন। শিশুকেও কাজটি করে দেখাতে বলুন।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION BPF


## ২.৮ বিশেষণাত্মক শব্দ ব্যবহার (Attributes)

**সরঞ্জাম ঃ** এক সাথে লাগানো কিছু ছবি।

### নির্দেশাবলী ঃ

### বোধশক্তি/বুঝতে পারা

- ❐ শিশুকে একটি পৃষ্ঠা/ কাগজ দিন যাতে কিছু ছবি এক সাথে লাগানো আছে। প্রত্যেকটি ছবি সম্বন্ধে শিশুকে কিছু বলুন, যেমন– এই প্লেটটি ভাঙ্গা, কিন্তু এই প্লেটটি ভালো।" আপনার কাছে একই ছবি এক সাথে রাখুন।
- ❐ আপনি সেখান থেকে একটি ছবি তুলুন। শিশুকে এটা দেখতে দিবেন না।
- ❐ শিশুকে তার কাগজ থেকে একই ছবি খুঁজে বের করতে বলুন, যেমন– "নোংরা মেয়েটি কোথায় ?"



- ❒ যখন সে তার একটি ছবি আঙুল দিয়ে দেখাবে তখন আপনার ছবিটি তাকে দেখান। যদি এটা একরকম ছবি হয় তাকে প্রশংসিত করুন। যদি না হয় তাকে একই রকম ছবি খুঁজতে দিন এবং বলুন, "এটা একটা নোংরা মেয়ে। দেখ তার সব ময়লা"।
- ❒ অন্যান্য ছবি পুনরায় বলুন।

## প্রকাশ করা

- ❒ বোধশক্তি/ বুঝতে পারা কাজটির মতো ছবিগুলোর সাথে শিশুকে পরিচিত করুন।
- ❒ শিশুকে আলাদা করা ছবিগুলো দিন এবং আপনি বড় কাগজে একসাথে ছবিগুলো নিন।
- ❒ শিশুকে বুঝিয়ে বলুন যে সে একটি ছবি তুলবে, এবং আপনাকে বলবে সে এটা কিসের ছবি, তখন আপনি আপনার কাগজে সেই রকম ছবিটি দেখাবেন।
- ❒ যদি সে শুধুমাত্র জিনিসটির নাম বলে যেমন– "প্লেট" তখন বলুন, "কিন্তু এখানে দু'টি প্লেট আছে একটা ভাঙ্গা এবং একটা ভালো। কোনটা দেখাব ভাঙ্গাটা না ভালোটা।" শিশুকে বলতে সুযোগ দিন, যদি সে বলতে না পারে, আপনি বলুন, "আমাকে ছবিটি দেখতে দাও। ও, এটা ভাঙ্গা, এ প্লেটটা ভাঙ্গা এবং এটা ভালো।"
- ❒ এভাবে পুনরায় বলুন।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION BPF

BPF